# মডেল টেস্ট– ৬

## হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১। **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. তুমি পাঠ্যবই থেকে দরিদ্র ব্রাহ্মণের জীবসেবা সম্পর্কে পড়েছ। এ উপাখ্যানটি কোন ধর্মগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
ⓚ বেদ ⓚ গীতা
ⓖ মহাভারত ⓖ রামায়ণ

২. কোন কাজটি দ্বারা ঈশ্বর বেশি সন্তুষ্ট হয় বলে তুমি মনে কর?
(ক) দীর্ঘ সময় ধরে ধ্যান করা (খ) ক্ষুধার্ত মানুষকে খাবার দেওয়া
(গ) বৃক্ষরোপণ করা (ঘ) ধর্মগ্রন্থ বেদ শুনা

৩. সমাজে কোনো কাজের মাধ্যমে তুমি ঈশ্বরের সেবা করছ, এটি প্রকাশ করবে–
(ক) কীর্তন করে (খ) পূজা করে
(গ) জনসেবা করে (ঘ) ধ্যান করে

৪. অরূপ ঈশ্বরের সাকার রূপের উপাসনা করে। তাঁর সাকার রূপ কোনটি?
(ক) ভগবান (খ) দেব-দেবী
(গ) গ্রহ (ঘ) নক্ষত্র

৫. তুমি দেব-দেবীকে সন্তুষ্ট করতে চাও। এক্ষেত্রে তুমি কী করবে?
(ক) মানব সেবা করবে (খ) জীবসেবা করবে
(গ) পূজা করবে (ঘ) শক্তি ও গুণ প্রকাশ করবে

৬. ভৃগুরাম ছিলেন মহাদেবের উপাসক। মহাদেব তুষ্ট হয়ে তাকে যে অস্ত্র উপহার দেন তার নাম কী?
(ক) কাস্তে (খ) দা
(গ) পরশু (ঘ) কোদাল

৭. স্কুলে আসার পথে তুমি দুর্ঘটনায় পড়েছ। এমতাবস্থায় প্রথমেই তুমি স্মরণ করবে–
(ক) বাবাকে (খ) মাকে
(গ) ঈশ্বরকে (ঘ) শিক্ষককে

৮. তোমাদের বাড়িতে একটি মন্দির বানানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এই শুভ কাজটি করার পূর্বে তোমরা কী করবে?
(ক) মন্ত্র ও শ্লোক আবৃত্তি করবে (খ) পূজার আয়োজন করবে
(গ) সবাই পদ্মাসনে বসবে (ঘ) ঈশ্বরের নিকট প্রার্থনা করবে

৯. হিন্দুধর্মকে বৈদিক ধর্মও বলা হয়। এর মূল কারণ কী বলে তুমি মনে কর?
(ক) বেদ হিন্দুধর্মের মূল ভিত্তি (খ) গীতা হিন্দুধর্মের মূল ভিত্তি
(গ) মন্ত্র হিন্দু ধর্মের মূল ভিত্তি (ঘ) শ্লোক হিন্দুধর্মের মূল ভিত্তি

১০. তুমি ঐতরেয়, কৌষীতকি, শতপথ প্রভৃতি ব্রাহ্মণ গ্রন্থ সম্পর্কে পড়েছ। এসব ব্রাহ্মণ গ্রন্থে কোন বিষয়ে আলোচনা করা হয়েছে বলে তুমি মনে কর?
(ক) মন্ত্রের ব্যাখ্যা ও যজ্ঞে মন্ত্রের ব্যবহার
(খ) দেবতাদের স্তুতি ও প্রার্থনামূলক মন্ত্র
(গ) দেবতাদের উদ্দেশ্যে গাওয়া স্তুতিমূলক গান
(ঘ) বিভিন্ন দেব-দেবীর উপাখ্যান ও প্রশংসা

১১. স্বামী প্রণবানন্দ কলকাতাকে নীতি ও ধর্মের পথে পরিচালনা করতে পরামর্শ দেন। তিনি কীভাবে এটি করতে পরামর্শ দিয়েছিলেন?
(ক) বিপ্লবী আদর্শে প্রতিষ্ঠিত হয়ে (খ) সনাতন আদর্শে সংগঠিত হয়ে
(গ) আশ্রম গড়ে তোলে (ঘ) বিদ্যালয় স্থাপন করে

Teachingbd.com

১২. বিনোদ যখন উচ্চ ইংরেজি বিদ্যালয়ে পড়াশুনা করতেন তখন ইংরেজদের বিরুদ্ধে একটি আন্দোলন শুরু হয়। এ আন্দোলনের নাম কী?

ক স্বদেশী আন্দোলন খ স্বরাজ আন্দোলন
গ অসহযোগ আন্দোলন ঘ খেলাফত আন্দোলন

১৩. ১৯২৪ সালের জানুয়ারি মাসে একটি স্থানে অর্ধকুম্ভ মেলা বসে। এ স্থানটির নাম কী?

ক গয়াধম খ প্রয়াগ
গ বৃন্দাবন ঘ কাশী

১৪. অনুপকে নিয়ে তার বাবা একটি স্থানে পূজা দিতে গেলেন। এ স্থানটির নাম কী?

ক গির্জা খ মন্দির গ মসজিদ ঘ গুরুদুয়ারা

১৫. ভগবান শ্রীকৃষ্ণ পার্থকে (অর্জুন) বলেছেন, "যে আমাকে যেভাবে উপাসনা করে, আমি সেভাবেই তাকে সন্তুষ্ট করি। হে পার্থ (অর্জুন), মানুষ সকল প্রকারে আমার পথই অনুসরণ করে।" এটি হিন্দুধর্মের কোন ধর্মগ্রন্থে বর্ণিত হয়েছে বলে তুমি মনে কর?

ক রামায়ণে খ মহাভারতে
গ শ্রীমদ্‌ভগবদ্‌গীতায় ঘ উপনিষদে

১৬. তুমি ধর্মীয় সাম্য বজায় রাখতে আগ্রহী। এর মাধ্যমে কোনটি প্রতিষ্ঠিত হয়?

ক সহযোগিতা খ সম্প্রীতি
গ ঐক্য ঘ সহনশীলতা

১৭. আমরা গুরুজনকে ভক্তি করি, কারণ—

ক সমাজের মঙ্গল হয় খ পৃথিবীর মঙ্গল হয়
গ ঈশ্বরকে ভক্তি করা হয় ঘ পিতার নির্দেশ পালন করা হয়

১৮. তুমি স্কুলে যাচ্ছ এমন সময় তোমার শিক্ষকের সঙ্গে দেখা হলো। এ সময় তুমি কী করবে?

ক বাড়িতে যাওয়ার কথা বলবে খ প্রণাম করবে
গ পড়তে চাইবে ঘ মাথা নিচু করে হেঁটে যাবে

১৯. তুমি বড়, সমবয়সী ও ছোটদের কাছ থেকে সম্মান পেতে চাও। এক্ষেত্রে তোমার কোন গুণটির অধিকারী হতে হবে?

ক সততা খ সহনশীলতা
গ শিষ্টাচার ঘ উদারতা

২০. তুমি নিজের ধর্ম মেনে চল এবং অন্যের ধর্ম বা মতেরও স্বীকৃতি দাও। এ ধরনের আচরণে তোমার কোন গুণটি প্রকাশিত হয়?

ক সততা খ উদারতা
গ শিষ্টাচার ঘ পরমতসহিষ্ণুতা

২১. তোমার বাবাকে মানুষ হিংসা করে না। তিনি সকলের শ্রদ্ধা পান। তোমার বাবা কোন ধরনের ব্যক্তি?

ক অহিংস খ নির্লোভ
গ প্রতিহিংসাপরায়ণ ঘ সংযমী

২২. পাণ্ডবেরা কৌরবদের নিকট থেকে বুদ্ধিবলে বেঁচে গিয়ে একটি নগরীতে বাস করতেন। এ নগরটির নাম কী?

ক কালীধর্ম খ একচক্রা গ বৃন্দাবন ঘ গয়াধাম

http://teachingbd.com

২৩. তুমি কীভাবে পরম আনন্দ লাভ করবে?
ক) পরের ক্ষতি করে খ) পরের উপকার করে
গ) মানুষকে হিংসা করে ঘ) কাউকে টাকা ধার দিয়ে

২৪. যোগাসন শরীর সুস্থ ও পবিত্র থাকার জন্য সহায়ক, কারণ–
ক) শাস্ত্রসম্মত খ) নিয়ম অনুসরণ
গ) স্বাস্থ্যসম্মত ঘ) গুরুর অধীনে চর্চা

২৫. শরীরম্ আদ্যং খলু ধর্মসাধনম্'– এ কথাটি দ্বারা কোনটির প্রতি ও মনোযোগ দেওয়ার কথা বলা হয়েছে বলে তুমি মনে কর?
ক) শরীরের প্রতি খ) মনের প্রতি
গ) সম্পদের প্রতি ঘ) মানসম্মানের প্রতি

২৬. তুমি শরীর ও মনকে সুস্থ রাখতে চাও। এজন্য তুমি নিয়মিত কী করবে?
ক) বজ্রাসন খ) আসন
গ) শবাসন ঘ) পদহস্তাসন

২৭. তোমার রাতে ঘুম আসে না। কোন আসনটি করে তুমি এ অবস্থা থেকে মুক্তি পাবে?
ক) সর্বাঙ্গাসন খ) গোমুখাসন
গ) বজ্রাসন ঘ) শবাসন

২৮. তুমি দেশের উন্নতির জন্য কাজ করতে চাও। এমনকি দেশের প্রয়োজনে জীবন উৎসর্গ করতে পার। তোমার মধ্যে কোনটি বর্তমান?
ক) মানবপ্রেম খ) বৃক্ষপ্রেম গ) জীবপ্রেম ঘ) দেশপ্রেম

২৯. তুমি কীভাবে দেশপ্রেমিক হবে?
ক) যুদ্ধ করে খ) দেশের শত্রুকে হত্যা করে
গ) দেশকে ভালোবেসে ঘ) পূজা-অর্চনা করে

৩০. ফাল্গুন মাসের শুক্লপক্ষের চতুর্দশী তিথিতে শ্রীকৃষ্ণের জীবনের অবদান স্মরণ করে একটি উৎসব উদযাপন করা হয়। উক্ত উৎসবের নাম কী?
ক) দোলযাত্রা খ) মহালয়া
গ) চৈত্রসংক্রান্তি ঘ) রথযাত্রা

৩১. গীতা পুণ্য অর্জনের জন্য বিভিন্ন মন্দির ও সাধু-সন্ন্যাসীদের আশ্রমে ঘুরে বেড়ায়। উক্ত মন্দির ও সাধু-সন্ন্যাসীদের আশ্রমকে কী বলে?
ক) তীর্থক্ষেত্র খ) পুণ্যক্ষেত্র গ) ধর্মক্ষেত্র ঘ) কুরুক্ষেত্র

৩২. তুমি দুজন বন্ধুকে নিয়ে চৈত্রসংক্রান্তিতে মেলায় চড়ক পূজা দেখতে গেলে। তুমি সেখানে দেখালে–
ক) ঐতিহ্যের প্রতি সম্মান খ) দেশের গর্ব
গ) পরিবারের গ্রহণযোগ্যতা ঘ) প্রথার প্রতি সম্মান

৩৩. তোমার দিদি নিয়মিত গোমুখাসন করে থাকে। প্রতিবার অভ্যাসের পর সে কী করবে?
ক) ২০ সেকেন্ড শবাসন করবে খ) ৩০ সেকেন্ড শবাসন করবে
গ) ৪০ সেকেন্ড শবাসন করবে ঘ) ৫০ সেকেন্ড শবাসন করবে

৩৪. ধর তোমার প্রতিবেশী সুপন পাল একাদশী, পূর্ণিমা ও অমাবস্যা তিথিতে উপবাস করে। সে কোন ধর্মের অনুসারী?
ক) বৌদ্ধ ধর্ম খ) ইসলাম ধর্ম
গ) হিন্দুধর্ম ঘ) শিখ ধর্ম

৩৫. প্রার্থনার জন্য কোন বিষয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ?
ক) দেহের পবিত্রতা খ) বাহ্যিক পরিচ্ছন্নতা
গ) মনের পবিত্রতা ঘ) দেহ ও মনের পবিত্রতা

Teachingbd.com

৩৬. আমাদের সৃজন, পালন ও সংহার কর্তা–
ⓚ রাজা ⓚ ঈশ্বর ⓖ পিতামাতা ⓖ বড় ভাই

৩৭. জীবকে ঈশ্বরজ্ঞানে সেবা করে আমরা কী পাই?
ক) আনন্দ খ) অর্থ গ) শান্তি ঘ) সম্পদ

৩৮. শ্রীবিষ্ণু কিরূপে আবির্ভূত হয়ে পৃথিবীকে রক্ষা করেন?
ক) বরাহরূপে খ) কচ্ছপরূপে
গ) নৃসিংহরূপে ঘ) বামনরূপে

৩৯. বেদের কর্মকাণ্ডের আলোচ্য বিষয় কী?
ক) পূজা-অর্চনার কথা খ) নাম কীর্তনের কথা
গ) তীর্থ ভ্রমণের কাহিনী ঘ) যাগ-যজ্ঞের কথা

৪০. কিসে আমাদের কল্যাণ নিহিত?
ক) জ্ঞানার্জনে খ) ধর্মগ্রন্থ পাঠে
গ) অর্থ-সম্পদে ঘ) প্রকৃতিতে

৪১. স্বামী গোবিন্দানন্দ গিরি মহারাজের সাথে বিনোদের সাক্ষাৎ হয় কখন?
ক) তীর্থস্থানে খ) অর্ধকুম্ভ মেলায়
গ) সেবাশ্রমে ঘ) বিপ্লবীদের কেন্দ্রে

৪২. "যে আমাকে যেভাবে উপাসনা করে, আমি সেভাবেই তাকে সন্তুষ্ট করি।"– উক্তিটি কোন ধর্মগ্রন্থের অন্তর্গত?
ক) মহাভারত খ) শ্রীমদ্ভগবদ্গীতা
গ) উপনিষদ ঘ) বেদ

৪৩. স্বামী বিবেকানন্দ কত খ্রিষ্টাব্দে শিকাগোতে পরমতসহিষ্ণুতার কথা বলেন?
ক) ১৮৯০ খ) ১৮৯১ গ) ১৭৯৩ ঘ) ১৮৯৩

৪৪. অহিংস ব্যক্তি সকলের নিকট থেকে কী পান?
ক) পীড়ন খ) হিংসা গ) ক্ষতি ঘ) শ্রদ্ধা

৪৫. নিয়মিত যোগ ব্যায়ামের মাধ্যমে–
ক) ওজন হ্রাস পায় খ) শক্তি অর্জন হয়
গ) শরীর সুগঠিত হয় ঘ) মানসিক শক্তি বৃদ্ধি পায়

৪৬. কীভাবে সাধনার জন্য মন প্রস্তুত হয়?
ক) ধ্যানের মাধ্যমে খ) যজ্ঞের মাধ্যমে
গ) আসনের দ্বারা ঘ) পরিশ্রমের মাধ্যমে

৪৭. দেশকে ভালোবাসা ও দেশের জন্য কাজ করা হলো–
ক) জনসেবা খ) ধর্মের অঙ্গ
গ) দায়িত্ববোধ ঘ) প্রার্থনার অঙ্গ

৪৮. হিন্দুধর্মের মধ্যে কিসের পরিচয় পাওয়া যায়?
ক) আধুনিকতার খ) প্রাচীনতার
গ) অধর্মের ঘ) অপ-সংস্কৃতির

৪৯. হোলি বা রং খেলা হয় কোন ধর্মীয় উৎসবে?
ক) চৈত্রসংক্রান্তিতে খ) মহালয়ায়
গ) দোলযাত্রায় ঘ) জন্মাষ্টমীতে

৫০. ঋগ্বেদ সংহিতা, যজুর্বেদ সংহিতা, সামবেদ ও অথর্ববেদ সংহিতা এগুলো কোন ধর্মগ্রন্থের প্রকারভেদ?
ক) উপনিষদ খ) আরণ্যক গ) বেদ ঘ) ব্রাহ্মণ

Teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) মহাদেব তুষ্ট হয়ে ভৃগুরামকে একটি উপহার দেন। এ উপহারটি কী?

(খ) পূর্ণদাস যে অঞ্চলের বিপ্লবী নেতা ছিলেন?

(গ) আমরা কীভাবে উন্নত চরিত্রের অধিকারী হতে পারি?

(ঘ) দেশ বলতে কী বোঝায়?

(ঙ) দোলযাত্রা একটি সামাজিক অনুষ্ঠান। এর মধ্য দিয়ে কী ধরনের সামাজিকতা প্রকাশ পায়?

(চ) শ্রীবিষ্ণু কেন কল্কিরূপে পৃথিবীতে আবির্ভূত হবেন?

(ছ) দীনতার ভাবের মূল চেতনা কী?

(জ) অপরাহ্নকৃত্য কাকে বলে?

(ঝ) পুরাণ কাকে বলে?

(ঞ) বিনোদ গয়াধামে কী সংকল্প করেন?

(ট) ভগবান শ্রীকৃষ্ণের আচরণের মধ্য দিয়ে কী প্রকাশ পেয়েছে?

(ঠ) কোন তিথিতে বিশেষভাবে উপবাস করার নিয়ম রয়েছে?

(ড) গোমুখাসনের প্রথম পদক্ষেপ কী?

(ঢ) মানুষের মধ্যে কোন বিষয় আবেগ, উদ্যম ও কর্মচাঞ্চল্য সৃষ্টি করে?

(ণ) মহালয়া কোন পূজার আগমনী?

৩। **ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো ৭টি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৭ = ৩৫

(ক) তুমি পাঠ্যবই পড়ে জানলে একজন সকল জীব ও জগতের উপর প্রভুত্ব করেন। তিনি কে? তাঁর আরেক নাম কী? তাঁর সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫

(খ) তোমার ধর্মে প্রতিদিন নিয়ম মেনে একটি কর্ম করতে হয়। এ কর্মকে কী বলে? এ কর্মের চারটি গুরুত্ব লেখ। ১+৪=৫

(গ) ১৮৩৭ খ্রিষ্টাব্দে ইউরোপের আয়ারল্যান্ডে একজন মহীয়সী নারীর জন্ম হয়। যিনি স্বামী বিবেকানন্দের শিষ্যত্ব গ্রহণ করেন। এই মহীয়সী নারীর নাম কী? তার বাল্যকাল সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫

(ঘ) 'শিষ্ট' কথাটির অর্থ কী? শিষ্টাচার আমাদের চরিত্রকে কী করে? দৈনন্দিন জীবনে তুমি কীভাবে শিষ্টাচার প্রদর্শন করবে? এ সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫

(ঙ) আমরা দেশকে ভালোবাসব কেন? পাঁচটি বাক্যে বুঝিয়ে লেখ। ৫

(চ) ঈশ্বর ও দেব-দেবী সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

(ছ) বেদের কয়টি কাণ্ড? এ সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

(জ) 'যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্।
মম বর্ত্মানুবর্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্বশঃ॥'– পাঁচটি বাক্যে ব্যাখ্যা কর। ৫

(ঝ) "অহিংসা মানুষকে বড় করে তোলে"–পাঁচটি বাক্যে ব্যাখ্যা কর। ৫

(ঞ) 'চৈত্রসংক্রান্তির অনুষ্ঠান কেবল ধর্মীয় অনুষ্ঠান নয়, তা সকলের এক মিলন মেলা'– কীভাবে? পাঁচটি বাক্যে বুঝিয়ে দাও। ৫

http://teachingbd.com

# মডেল টেস্ট - ৬ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ক |
| ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ |
| ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ |
| ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | ক | ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | খ |
| ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | ঘ | ৪০ | খ | ৪১ | খ | ৪২ | খ | ৪৩ | ঘ | ৪৪ | ঘ | ৪৫ | গ |
| ৪৬ | গ | ৪৭ | খ | ৪৮ | খ | ৪৯ | গ | ৫০ | গ | | | | | | | | |

২। (ক) মহাদেব তুষ্ট হয়ে ভৃগুরামকে পরশু বা কুঠার উপহার দেন।

(খ) পূর্ণদাস মাদারীপুরের বিপ্লবী নেতা ছিলেন।

(গ) আমরা শিষ্টাচারের মাধ্যমে উন্নত চরিত্রের অধিকারী হতে পারি।

(ঘ) একজন মানুষ পৃথিবীর যে একটি নির্দিষ্ট ভূখণ্ডে জন্মগ্রহণ করে সেটাই তার দেশ।

(ঙ) দোলযাত্রার মধ্য দিয়ে সামাজিক মিলন, সংহতি ও সৌহার্দ্য প্রকাশ পায়।

(চ) শ্রীবিষ্ণু জীবের দুঃখ দূর করার জন্য কল্কিরূপে পৃথিবীতে আবির্ভূত হবেন।

(ছ) ঈশ্বরই প্রভু, আমি তাঁর দাস, তিনি দাতা আমি গ্রহীতা।

(জ) দুপুরের পর এবং সায়াহ্নের পূর্ব পর্যন্ত যে কাজ করা হয় তাকেই অপরাহ্ণকৃত্য বলে।

(ঝ) যে ধর্মগ্রন্থে সৃষ্টি ও দেবতার উপাখ্যান, ঋষি ও রাজাদের বংশ পরিচয় প্রভৃতি আলোচনা করা হয়েছে তাকে বলে পুরাণ।

(ঞ) বিনোদ গয়াধামে হিন্দুদের তীর্থসমূহ সংস্কার করার সংকল্প করেন।

(ট) ভগবান শ্রীকৃষ্ণের আচরণের মধ্য দিয়ে শিষ্টাচার প্রকাশ পেয়েছে।

(ঠ) একাদশী, পূর্ণিমা ও অমাবস্যা তিথিতে বিশেষভাবে উপবাস করার নিয়ম রয়েছে।

(ড) গোমুখাসনের প্রথম পদক্ষেপ পা দুটিকে সামনে ছড়িয়ে দিয়ে বসতে হবে।

(ঢ) মানুষের মধ্যে দেশপ্রেম আবেগ, উদ্যম ও কর্মচাঞ্চল্য সৃষ্টি করে।

(ণ) মহালয়া দুর্গাপূজার আগমনী।

teachingbd.com